রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ/১২ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৩৪**—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত খণ্ড ভিডিওচিত্র নির্মাণে সরকারি মঞ্জুরি প্রদান নিয়মাবলি-২০১৯

**উপক্রমণিকা :**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে খণ্ড ভিডিওচিত্র নির্মাণ ও সম্প্রচারে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে নিম্নরূপভাবে নিয়মাবলি প্রণয়ন করা হলো :

**(ক) শিরোনাম :**

এ নিয়মাবলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে খণ্ড ভিডিওচিত্র নির্মাণে সরকারি মঞ্জুরি প্রদান নিয়মাবলি-২০১৯ নামে অভিহিত হবে।

**(খ) মঞ্জুরি প্রদান প্রক্রিয়া :**

১) এই নিয়মাবলির অধীনে এক বা একাধিক খণ্ড ভিডিওচিত্র নির্মাণ করা হবে। খণ্ড ভিডিওচিত্র নির্মাণে তথ্য মন্ত্রণালয় অর্থায়ন করবে;

২) বাছাইকৃত এবং অনুমোদিত খণ্ড ভিডিওচিত্র নির্মাণ ও সম্প্রচারের জন্য নির্বাচিত পরিচালককে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত খণ্ড ভিডিওচিত্র নির্মাণে সরকারি মঞ্জুরি প্রদান নিয়মাবলি-২০১৯ এর আওতায় অর্থ প্রদান করা হবে; এবং

৩) খণ্ড ভিডিওচিত্র নির্মাণ ও সম্প্রচারে মঞ্জুরি প্রদান করার জন্য একটি মঞ্জুরি প্রদান কমিটি ও একটি বাছাই কমিটি গঠন করা হবে।

<u>মঞ্জুরি কমিটি গঠন</u> :

| | | | |
|---|---|---|---|
| ১) | মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | - | সভাপতি |
| ২) | মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩) | সচিব, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪) | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | - | সদস্য |
| ৫) | ব্যবস্থাপনা পরিচালক, বিএফডিসি | - | সদস্য |
| ৬) | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | - | সদস্য |
| ৭) | জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| ৮) | জনাব ফরিদুর রেজা সাগর, ব্যবস্থাপনা পরিচালক, চ্যানেলআই | - | সদস্য |
| ৯) | প্রফেসর ড. শফিউল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয় | - | সদস্য |
| ১০) | বেগম কবরী সারোয়ার, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১১) | জনাব এম এ আলমগীর, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১২) | জনাব খসরু, প্রযোজক ও পরিবেশন সমিতি, ঢাকা | - | সদস্য |
| ১৩) | যুগ্মসচিব, চলচ্চিত্র, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

<u>বাছাই কমিটির গঠন</u> :

| | | | |
|---|---|---|---|
| ১) | জনাব আকবর হোসেন পাঠান (ফারুক), এমপি ও অভিনয় শিল্পী | - | সভাপতি |
| ২) | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | - | সদস্য |
| ৩) | জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| ৪) | প্রফেসর মতিন রহমান, চলচ্চিত্র পরিচালক | - | সদস্য |
| ৫) | মিজ রওশন আরা রোজিনা, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ৬) | জনাব পিপলু খান, চলচ্চিত্র নির্মাতা | - | সদস্য |
| ৭) | বেগম রোকেয়া প্রাচী, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ৮) | জনাব পীযুষ বন্দোপাধ্যায়, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ৯) | জনাব অমিতাভ রেজা চৌধুরী, চলচ্চিত্র নির্মাতা | - | সদস্য |
| ১০) | জনাব কাজী কামাল, চলচ্চিত্র পরিচালক | - | সদস্য |
| ১১) | জনাব ফেরদৌস আহমেদ, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১২) | জনাব রিয়াজ আহমেদ, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১৩) | উপসচিব, টিভি-১, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

<u>(গ) মঞ্জুরি প্রদানের জন্য বিচার্য বিষয়সমূহ</u> :

মঞ্জুরি ও বাছাই কমিটি প্রাপ্ত প্রস্তাবনাসমূহ বাছাই এর জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করবে :

১) **প্রস্তাবকের যোগ্যতা ও অভিজ্ঞতা :** প্রস্তাবকারীর পূর্বনির্মিত একটি খণ্ড ভিডিওচিত্র অথবা নির্মাণের সাথে সংশ্লিষ্ট এক বা একাধিক খণ্ড ভিডিওচিত্রে তার ভূমিকা বিবেচনা করে কমিটি পরিচালকের যোগ্যতা নির্ধারণ করবে;

২) খণ্ড ভিডিওচিত্রের ক্ষেত্রে অন্তত ১টি অডিও ভিডিও (ভিজ্যুয়াল) প্রযোজনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে;

৩) কারিগরি জ্ঞানের পাশাপাশি ডিজিটাল কপিরাইট আইন সম্পর্কেও ধারণা থাকতে হবে;

৪) মানসম্মত বিষয়বস্তু, সংলাপ ও চিত্রনাট্য;

৫) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে প্রস্তাবিত খণ্ড ভিডিওচিত্রের জন্য মনোনীত শিল্পী-কলাকুশলীর মান ও অভিজ্ঞতা;

৬) নির্মাণাধীন, সমাপ্ত বা মুক্তিপ্রাপ্ত কোন খণ্ড ভিডিওচিত্রের চিত্রনাট্য অনুদানের জন্য বিবেচিত হবে না; এবং

৭) নির্মিত প্রতিটি খণ্ড ভিডিওচিত্রের সময় (স্থিতি) ২-৩ মিনিট হতে হবে। এ নিয়মাবলির আওতায় সর্বমোট ২৪টি খণ্ড ভিডিওচিত্র নির্মিত হবে। তবে, বিশেষ প্রয়োজনে বাছাই কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে এ স্থিতিকাল পুনঃনির্ধারণ করা যাবে।

(ঘ) <u>মঞ্জুরি অর্থের পরিমাণ</u> :

১. মনোনীত খণ্ড ভিডিওচিত্র নির্মাণ ও সম্প্রচারের প্রস্তাবককে নিয়মাবলী-২০১৯ এর আওতায় সর্বোচ্চ **১২** (বার) লক্ষ টাকা পর্যন্ত অর্থ মঞ্জুরি প্রদান করা হবে;

২. মঞ্জুরি বরাদ্দের বিষয়ে মঞ্জুরি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;

৩. বাছাই কমিটি বাছাই কার্যক্রম সম্পন্ন করার পর চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি কর্তৃক চূড়ান্তভাবে বাছাইকৃত খণ্ড ভিডিওচিত্রের তালিকা বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক বরাবর প্রদান করবেন; এবং

৪. গল্প/চিত্রনাট্য এবং প্রস্তাব বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটি সুপারিশ প্রদান করবে।

(ঙ) <u>অর্থ প্রদান পদ্ধতি</u> :

১. মনোনীত খণ্ড ভিডিওচিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত মঞ্জুরির ৫০% অর্থ প্রদান করা হবে। অনধিক ২ মাসের মধ্যে খণ্ড ভিডিওচিত্রের কমপক্ষে ৩০% চিত্রায়নের পর তা মঞ্জুরি কমিটি কর্তৃক (চিত্রায়িত অংশ) সন্তোষজনক বিবেচিত হলে মঞ্জুরির দ্বিতীয় কিস্তিতে অনূর্ধ্ব ২০% অর্থ প্রদান করা হবে। তবে বিশেষ বিবেচনায় স্ক্রিপ্টের প্রয়োজনে এ সময় **৩** মাস করা যেতে পারে;

২. সম্পূর্ণ খণ্ড ভিডিওচিত্র সরবরাহের পর মঞ্জুরি কমিটির সন্তুষ্টি সাপেক্ষে অবশিষ্ট ২০% অর্থ প্রদান করা হবে; এবং

৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে খণ্ড ভিডিওচিত্র নির্মাণ, অর্থ বছরের অবশিষ্ট সময় ইত্যাদি বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষ **১**ম ও ২য় কিস্তির টাকা এক সঙ্গে ছাড় করতে পারবেন। এক্ষেত্রে **৩**য় কিস্তির (শেষ কিস্তি) টাকা ছাড়ের পূর্বে খণ্ড ভিডিওচিত্রটির নির্মাণ কাজ শেষ করতে হবে। অতঃপর সম্পূর্ণ রাশপ্রিন্ট দেখে মঞ্জুরি কমিটির সিদ্ধান্ত অনুসারে অর্থ ছাড় করা হবে।

(চ) <u>আবেদন প্রক্রিয়া</u> :

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে খণ্ড ভিডিওচিত্র নির্মাণের মঞ্জুরি প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য এবং খণ্ড ভিডিওচিত্রটি নির্মাণের সার্বিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্রস্তাব আহ্বান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। আগ্রহী প্রস্তাবকগণকে প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তানুসারে নির্ধারিতভাবে প্রস্তাব দাখিল করতে হবে;

২. প্রস্তাব দাখিলের সময় প্রস্তাবক,পরিচালক, চিত্রনাট্যকারের পূর্ণ নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র, ব্যাংক হিসাব নম্বর ও টিআইএন নম্বর স্পষ্টাক্ষরে অবশ্যই প্রস্তাবের সাথে উল্লেখ করতে হবে;

৩. পূর্ণাঙ্গ প্রস্তাবের সাথে খণ্ড ভিডিওচিত্রের প্রস্তাবিত শিল্পী ও কলাকুশলীদের নাম, নির্মাণ সংস্থার কারিগরি, আর্থিক ও অবকাঠামোগত সক্ষমতার বিবরণ, আউটডোর শুটিং স্পটের বিবরণ, নির্মিতব্য খণ্ড ভিডিওচিত্রের সম্ভাব্য বাজেট বিভাজন দাখিল করতে হবে; এবং

৪. খণ্ড ভিডিওচিত্রের গল্প, চিত্রনাট্য এবং নির্মাণের সঠিক কর্ম-পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্রস্তাবের প্রতিটির ০৫ (পাঁচ) কপি করে জমা দিতে হবে।

**(ছ) খণ্ড ভিডিওচিত্র নির্মাণের শর্ত :**

১) খণ্ড ভিডিওচিত্রের প্রথম চেকপ্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে খণ্ড ভিডিওচিত্রের নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। তবে স্ক্রিপ্টের প্রয়োজনে/অনিবার্য কারণে/বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে;

২) খণ্ড ভিডিওচিত্র নির্মাণের সময় সাব-টাইটেল দিতে হবে;

৩) শুধু বাংলাদেশের নাগরিক মঞ্জুরি প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন। খণ্ড ভিডিওচিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোন বিদেশী শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয়, তাহলে তথ্য মন্ত্রণালয়ের পূর্ব অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবেন;

৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে নির্মিত খণ্ড ভিডিওচিত্রটি মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রস্তাবক-কে মঞ্জুরি হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে ফেরত দিতে বাধ্য থাকবেন মর্মে একটি অঙ্গীকারপত্র প্রযোজ্য স্ট্যাম্প পেপারে আবেদনপত্রের সঙ্গে দিতে হবে। অবৈধ পন্থা অবলম্বন বা অনুদানের শর্ত লঙ্ঘনের ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট নির্মাতা/মঞ্জুরি গ্রহণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে;

৫) যদি প্রস্তাবক খণ্ড ভিডিওচিত্র নির্মাণ যথাসময়ে শুরু না করেন কিংবা অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে ঐ খণ্ড ভিডিওচিত্রের সাথে জড়িত সকল মালামাল ও বিষয়-সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত মঞ্জুরির অংশ/সম্পূর্ণভাবে আদায়ের জন্য যে কোন ব্যবস্থা সরকার গ্রহণ করতে পারবে;

৬) প্রস্তাবিত খণ্ড ভিডিওচিত্র ডিজিটাল ফরমেটে (2K/4K Resolution-এ) নির্মাণ করতে হবে; তবে নির্মিত খণ্ড ভিডিওচিত্রটি প্রদর্শন ও প্রচারের বিষয়ে নির্মাতা প্রতিষ্ঠানকেই সমস্ত দায়িত্ব নিতে হবে;

৭) জাতীয় এবং আন্তর্জাতিকভাবে খণ্ড ভিডিওচিত্রটি প্রচারের কারিগরি এবং কপিরাইট জাতীয় বাস্তবায়ন কমিটির ওপর ন্যস্ত থাকবে। তবে, এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহযোগিতা থাকবে;

৮) এই নির্মিত খণ্ড ভিডিওচিত্রটির স্বত্ব জাতীয় বাস্তবায়ন কমিটির মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত হবে;

৯) মঞ্জুরি গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তথ্য মন্ত্রণালয়ের সাথে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তি স্বাক্ষর করতে হবে; এবং

১০) এ নিয়মাবলির যেকোন অংশ জরুরি প্রয়োজনে জাতীয় বাস্তবায়ন কমিটির সাথে পরামর্শ করে সরকার পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধন করতে পারবে।

**কামরুন নাহার**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd